



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি বি এল কলেজ, খুলনা  
www.blcollege.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪  
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০



২০১৬ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সংশোধিত বিজ্ঞপ্তি

আবেদনকারীকে (নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.nubd.info/degree-pass](http://www.nubd.info/degree-pass) এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত ফি উল্লেখ থাকবে (কলেজের ফি বাদে)। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

ক্রঃ নং	জমাদানের তারিখ	পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার্থীর প্রকার
১।	২৬.১০.২০১৭ খ্রি.	নিয়মিত বিএ (পাস)	প্রাইভেট বিএ (পাস)
২।	২৯.১০.২০১৭ খ্রি.	নিয়মিত বিএসএস (পাস)	প্রাইভেট বিএসএস (পাস)
৩।	৩০.১০.২০১৭ খ্রি.	নিয়মিত বিবিএস (পাস)	প্রাইভেট বিবিএস (পাস)
৪।	৩১.১০.২০১৭ খ্রি.	নিয়মিত বি এসসি (পাস)	সার্টিফিকেট কোর্স

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না। নিয়মিত ও প্রাইভেট সকল প্রকার পরীক্ষার্থীদের ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ইনকোর্স পরীক্ষার রুটিন পরবর্তীতে জানানো হবে। ইনকোর্স পরীক্ষা ব্যতিত কোন ছাত্র-ছাত্রীকে পরীক্ষার আবেদন ফরম পূরণের অনুমতি দেয়া হবে না।

**অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য :**

নিয়মিত ও প্রাইভেটঃ বিএ, বিএসএস, বিবিএস ও বি এসসি পাস

(বেতন ৩০০ + ভর্তি ফিস ২৫ + সেশন চার্জ ১০৩০ + ইনকোর্স ফিস ২০০, নির্বাচনী পরীক্ষার ফিস ৩৫০+ কেন্দ্র ফিস ৪৫০ + ব্যবস্থাপনা ফিস ৫০)= মোট ২৪০৫/-

বিএসসি পরীক্ষার্থীদের জন্য পদার্থ/রসায়ন/ উদ্ভিদ/প্রাণি থাকলে ৩৩০৫/- এবং পদার্থ/রসায়ন/গণিত থাকলে ৩০০৫/- টাকা

প্রাইভেটঃ বিএ, বিএসএস, বিবিএস পাস ও সার্টিফিকেট কোর্স = ইনকোর্স ২০০+কেন্দ্র ফিস ৪৫০+ব্যবস্থাপনা ৫০।

**১। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ**

ক) ডিগ্রি পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত ও প্রাইভেট (৭০০ নম্বর) :

- ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৪ সালের ডিগ্রি প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৫ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- উপরোক্ত শিক্ষার্থীদের ৩য় বর্ষে “ইংরেজি” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা ২০০ নম্বরের ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।


**২। অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয় :**

ক) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও ২য় বর্ষের অনলাইন ফলাফল সিট জমা দিতে হবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ১ কপি ছবি প্রবেশপত্র গ্রহণের সময় সংগে আনতে হবে।

গ) কোন নিয়মিত ছাত্র-ছাত্রী লাইব্রেরি থেকে বই গ্রহণ করে থাকলে তা ফেরত দিতে হবে। লাইব্রেরির বই ফেরত ব্যতিত কোন শিক্ষার্থী আবেদন ফরম পূরণ করতে পারবে না। ৩য় বর্ষ (নিয়মিত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ) ডিগ্রী পরীক্ষার্থীদের নিকট কোন বই পাওনা থাকলে তালিকা ২৫/১০/২০১৭ তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দিতে লাইব্রেরিয়ানকে অনুরোধ করা হল।

আবেদন ফরম জমাদানের সময়: সকাল ১০টা হতে দুপুর ২টা পর্যন্ত ।  
এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট [www.blcollege.edu.bd](http://www.blcollege.edu.bd) এ পাওয়া যাবে।

  
(প্রফেসর সৈয়দ সাদিক জাহিদুল ইসলাম)  
অধ্যক্ষ

সরকারি বি এল কলেজ, খুলনা

